



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী



e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com, fax: 02588853145

নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৪.৭৭৪

তারিখ: ১৯ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০২ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: একাদশ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান প্রদানের লক্ষে ২০২৩-২৪ অর্থবছরের মার্চ-এপ্রিল প্রান্তে অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজশাহী কলেজের একাদশ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়। চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য শিক্ষার্থীকে <https://www.eservice.pmeat.gov.bd/medical>-লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী প্রতি ২ মাস অন্তর বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে আবেদন দাখিল করতে পারবে। একজন গুরুতর আহত শিক্ষার্থী তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবে।

বর্ণিতাবস্থায়, ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে একাদশ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীদের ২০২৩-২৪ অর্থবছরের মার্চ-এপ্রিল প্রান্তের আবেদন আগামী ৩০/০৪/২০২৪ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত সিস্টেম ব্যবহার করে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বৃত্তি সংক্রান্ত তথ্যের জন্য কলেজের হিসাব শাখায় মোবাইল নম্বর: ০১৭১২৫৪৭৯১৪-এ যোগাযোগ করার জন্য আহ্বান জানানো হলো।

০২/০৪/২০২৪

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

ফোন নম্বর: ০২৫৮৮৮৫৫৪৭৫

০২/০৪/২০২৪

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ২। বিভাগীয় প্রধান (সকল), রাজশাহী কলেজ, রাজশাহী (সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার অনুরোধসহ);
- ৩। আহ্বায়ক, বৃত্তি কমিটি, রাজশাহী কলেজ, রাজশাহী
- ৪। প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৫। হিসাবরক্ষক, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৬। সংরক্ষণ নথি।